গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০৬.০১৬.১৭/৪০৭ তারিখঃ ১৪ সেপ্টেম্বর ২০১৭

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ২৫ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃবর্ণনামতে।

১৪/০৯/২০১৭

(মুহাম্মদ চিশতী আশেক)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। ব্যবস্থাপনা পরিচালক, NESCO, বিদ্যুৎ ভবন, হেমতখা, রাজশাহী।
২২। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামর, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

২০১৭-১৮ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পুর্বাহ্ন ১১.৩০ টায় বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে এডিপি'র মূল অংশে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থায় ৮২টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৭-১৮ অর্থবছরের এডিপি-তে মোট ২১৭৪৯.২৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ১৬টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এজন্য বরাদ্দ রয়েছে মোট ১১৩৬.১৫ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৭-১৮ অর্থবছরের সর্বমোট এডিপি বরাদ্দ ২২৮৮৫.৪২ কোটি [জিওবি ৯৫০০.০০ কোটি ও প্রকল্প সাহায্য ১২২৪৯.২৭ কোটি (২৬০০ কোটি টাকা ইসিএ অর্থায়নসহ) এবং নিজস্ব অর্থায়ন ১১৩৬.১৫ কোটি] টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতীত) বিপরীতে আগস্ট ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১১৬৯.৮১ কোটি (জিওবি ৬৬৯.১৬ কোটি ও প্রকল্প সাহায্য ৫০০.৬৫ কোটি) টাকা যা মোট এডিপি বরাদ্দের ৫.৩৮%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১৬টি প্রকল্পের জন্য চলতি অর্থবছরে ১১৩৬.১৫ কোটি টাকা বরাদ্দের বিপরীতে আগস্ট ২০১৭ মাসে ব্যয় হয়েছে ৪৩৩.৫৭ কোটি টাকা (৩৮.১৬%)। সব মিলিয়ে ৯৮টি প্রকল্পের জন্য মোট এডিপি বরাদ্দের পরিমাণ ২২৮৮৫.৪২ কোটি টাকার বিপরীতে আগস্ট ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৬০৩.৩৮ কোটি টাকা (৭%) যা লক্ষ্যমাত্রা ১৫% এর চেয়ে ৮% কম। গত ২০১৬-১৭ অর্থবছরের একই সময়ে আর্থিক অগ্রগতি ছিল ৭.৩৩%।

২.২। সভায় জানানো হয় যে, চলমান মূল এডিপিভুক্ত ৮২টি প্রকল্পের মধ্যে জুলাই ২০১৭ মাসে আর্থিক অগ্রগতি হয়েছে ৪৬টি প্রকল্পের এবং শূণ্য অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ৩৬টি। শূণ্য অগ্রগতিসম্পন্ন কোম্পানি-২টি: এপিএলসিএল এবং আরপিসিএল)। অগ্রগতিসম্পন্ন বিভাগ/সংস্থা/কোম্পানি-১২টি (বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, বাপবিবো, পিজিসিবি, ডিপিডিসি, ডেসকো, ইজিসিবি, নওপাজেকো, পাওয়ার সেল, সিপিজিসিএল, ওজোপাডিকো এবং স্রেডা)। ১৫% এর অধিক অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা-৫টি। সর্বোচ্চ অগ্রগতিসম্পন্ন কোম্পানি নওপাজেকো (৩৭.৪৯%)।

২.৩। সভায় শূণ্য অগ্রগতিসম্পন্ন ৩৬টি প্রকল্পের বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা করা হয় এবং উক্ত ৩৬টি প্রকল্পের শূণ্য অগ্রগতিতে অসন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে প্রকল্পসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বিশেষ করে ডিপিডিসি কর্তৃক বাস্তবায়ানাধীন "প্রিপেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর ৬ এনওসিএস ডিভিশন আন্ডার ডিপিডিসি" প্রকল্পটির দীর্ঘ ৪ বছরে কোন অগ্রগতি না হওয়ায় সভাপতি তীব্র অসন্তোষ ব্যক্ত করেন। তিনি প্রকল্প বাস্তবায়নে কোম্পানির প্রধান নির্বাহী ও প্রকল্প পরিচালককে সর্বাত্মক প্রচেষ্টা নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৪। আলোচনায় অংশ নিয়ে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান জানান যে, গত ১০/০৯/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত সভায় বাপবিবো-তে বাস্তবায়নাধীন শতভাগ বিদ্যুতায়নের ২টি প্রকল্পের অনুকূলে এডিপিতে কোন বরাদ্দ না থাকার বিষয় উত্থাপন করা হলে মাননীয় পরিকল্পনা মন্ত্রী প্রকল্প দু'টির বাস্তবায়ন পুরোদমে শুরু করার নির্দেশনা প্রদান করেন এবং চলতি অর্থবছরের আরএডিপিতে প্রকল্প দু'টির অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা হবে মর্মে তিনি প্রতিশ্রুতি প্রদান করেন। উক্ত তথ্যের প্রেক্ষিতে বাপবিবো'র চেয়ারম্যান বিদ্যুৎ বিভাগের আলোচ্য এডিপি পর্যালোচনা সভার আলোচনায় অংশ নিয়ে বলেন যে, ইতোমধ্যে শতভাগ বিদ্যুতায়নের দু'টি প্রকল্পের যেসব ক্রয় প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে সেগুলো চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ প্রদানসাপেক্ষে অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা হ'লে প্রকল্প দু'টির বাস্তবায়ন ত্বরান্বিত হবে। সভাপতি বাপবিবো'র শতভাগ বিদ্যুতায়নের দু'টি প্রকল্পের ক্রয় প্রস্তাব চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ প্রদানসাপেক্ষে অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণের পক্ষে অভিমত ব্যক্ত করেন।

চলমান পাতা-২

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	নওপাজেকো কর্তৃক বাস্তবায়িত "আপগ্রেডেশন অব খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট" এবং পিজিসিবি কর্তৃক বাস্তবায়িত "বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ- বিবিয়ানা ২৩০ সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প" প্রকল্পের পিসিআর ১৪ সেপ্টেম্বর ২০১৭ এর মধ্যে আবশ্যিকভাবে বিদ্যুৎ বিভাগে দাখিল করতে হবে। বিষয়টি কোম্পানি দু'টির প্রধান নির্বাহী নিশ্চিত করবেন;	নওপাজেকো ও পিজিসিবি
৩.২	পিডিবি কর্তৃক বাস্তবায়নাধীন "খুলনা ৩৩০ মেঃওঃ ডুয়েল ফুয়েল কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প" এর বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য বাবিউবো'র চেয়ারম্যান ও সদস্য (পিএন্ডডি) ব্যক্তিগত উদ্যোগ গ্রহণ করবেন।	চেয়ারম্যান ও সদস্য (পিএন্ডডি) বাবিউবো
৩.৩	ডিপিডিসি কর্তৃক বাস্তবায়ানাধীন "প্রিপেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর ৬ এনওসিএস ডিভিশন আন্ডার ডিপিডিসি" প্রকল্পটির দীর্ঘ ৪ বছরে কোন অগ্রগতি না হওয়ায় অসন্তোষ ব্যক্ত করা হলো। প্রকল্পটি বাস্তবায়নে কোম্পানির প্রধান নির্বাহী ও প্রকল্প পরিচালক সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবেন।	এমডি, ডিপিডিসি প্রকল্প পরিচালক
৩.৪	পিজিসিবি কর্তৃক বাস্তবায়নাধীন "আশুগঞ্জ-ভুলতা ৪০০ কেভি ট্রান্সমিশন লাইন" প্রকল্পের টাওয়ার নির্মাণে ভূমি অধিগ্রহণ নিয়ে উদ্ভূত জটিলতা আদালতের মাধ্যমে নিরসনের লক্ষ্যে পিজিসিবি কর্তৃক জোর উদ্যোগ গ্রহণ করতে হবে;	পিজিসিবি
৩.৫	বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (পরিঃ) বাবিউবো-তে বাস্তবায়নাধীন "সোলার স্ট্রীট লাইটটিং প্রোগ্রাম ইন সিটি কর্পোরেশন" প্রকল্পটি বাস্তবায়নের বিষয় পর্যালোচনাপূর্বক করণীয় সম্পর্কে সুপারিশ প্রদান করবেন।	অতিঃ সচিব (পরিঃ) বিদ্যুৎ বিভাগ
৩.৬	প্রকল্প পরিচালক অথবা প্রকল্প সংশ্লিষ্ট পদে যোগ্য ও দক্ষ কর্মকর্তাগণকে নিয়োগ দিতে হবে এবং প্রকল্প পরিচালক নিয়োগ ও পরিবর্তনের ক্ষেত্রে একনেক কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে; এবং	সকল সংস্থা/কোম্পানি
৩.৭	বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ লাইন নিয়মিত পরীক্ষা করতে হবে, বিশেষ করে উক্ত লাইনসমূহের নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় ক্ষেত্রে গাছ কাটার ব্যবস্থা নিতে হবে।	সংশ্লিষ্ট বিতরণ/সঞ্চালন সংস্থা/কোম্পানি

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. আহমদ কায়কাউস)
সচিব